

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৭৯.২০.২০৬

বিষয়: সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়ীয়া, পিরোজপুর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিক আপ গাড়ির ০৩ (তিন) টি টায়ার পরিবর্তনের জন্য বরাদ্দ ছাড়ের প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর এর স্মারক নং- ০৫.১০.৭৯০০.০১৩.২০.০০৭.২২-৪২৪, তাং: ১০-০৪-২০২৫ খ্রি।

২। সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়ীয়া, পিরোজপুর এর স্মারক নং-৩১.১০.৭৯৫৮.০০০.০১.০০১.২৫-৩৩৩, তাং: ২৩-০২-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়ীয়া, পিরোজপুর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিক-আপ (গাড়ি নং-পিরোজপুর-ঠ-১১-০০২৭) গাড়ির ০৩ (তিন) টি টায়ার পরিবর্তন ব্যয় বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, চলতি ২০২৪-২৫ অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ “৩২৫৮১০১-মোটরযান” কোডে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি ২০-০৯-২০১৮ তারিখে ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহ করা হয়েছে। গাড়িটি সরবরাহের পর গত ২০২১-২২ অর্থবছরে গাড়িটির ০২ টি চাকা পরিবর্তন করা হয়েছে মর্মে সূত্রোক্ত ০২ নং স্মারকে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব মোতাবেক সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়ীয়া, পিরোজপুর এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০৩ (তিন) টি টায়ার পরিবর্তন ব্যয় বাবদ বর্তমানে চাহিত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং চলতি অর্থবছরে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ইতোমধ্যে বরাদ্দকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর হতে প্রাপ্ত পত্র-০৯ (নয়) ফর্দ।

২। ভূমি মন্ত্রণালয় কর্তৃক গাড়ি হস্তান্তর সংক্রান্ত পত্র- ০২ (দুই) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

- ১। জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর হতে প্রাপ্ত পত্র-০৯ (নয়) ফর্দ।
- ২। ভূমি মন্ত্রণালয় কর্তৃক গাড়ি হস্তান্তর সংক্রান্ত পত্র- ০২ (দুই) ফর্দ।

০৪-০৬-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার
০২৪১০১০৪৫৫
alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৭৯.২০.২০৬/১ (৬)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়ীয়া, পিরোজপুর।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৪-০৬-২০২৫

সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার